**পল্লী সঞ্চয় ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(৮৩)/২০২০-২১/ ৬০০৫ তারিখঃ ১০-০১-২০২১খ্রি.

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর অধীনে রুজুকৃত শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০২০-২১

## চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ

যেহেতু আপনি জনাব সাবিনা সুলতানা (এস-৮৬১), কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, কুষ্টিয়া, উক্ত শাখায় কম্পিউটার অপারেটরের দায়িত্ব পালনকালে সংঘটিত গুরুতর অনিয়মের দায়ে আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, চুরি ও আত্মসাতের দায়ে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০২০-২১ রুজুপূর্বক ২৬/০৭/২০২০ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৮৩)/২০২০-২১/২০৩ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল, আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড গঠন করিয়াছিলেন, আপনি তদন্তে উপস্থিত হইয়াছিলেন।

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধি মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন।

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষাঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব সাবিনা সুলতানা, আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরি হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদন্ড প্রদান করা হইবে না এইমর্মে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করিবার নির্দেশ প্রদান করিয়াছেন।

০৪। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব সাবিনা সুলতানা, আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৪২(৬) প্রবিধি মোতাবেক অত্র ঘোষণা প্রাপ্তির ০৭(সাত)টি কার্যদিবসের মধ্যে কোন আপনার উপর প্রস্তাবিত শাস্তি আরোপ করা হইবেনা উহার যথোপযুক্ত কারণ দর্শানোর আদেশ দিলেন। নির্ধারিত সময় সমীর মধ্যে আপনি কারণ দর্শাইতে ব্যর্থ হইলে মামলাটি একতরফা নিষ্পন্ন করা হইবে।

০৫। আপনার জবাব প্রদানের সুবিধার্থে তদন্ত প্রতিবেদন এক প্রস্থ এতদ্ সংঙ্গে প্রেরণ করা হইলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

১০/১/২১
(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

---

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(৮৩)/২০২০-২১/ ৬০০৫(৬) তারিখঃ ১০-০১-২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব) মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।

০২। প্রকল্প পরিচালক (অতিঃ সচিব) মহোদয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, কুষ্টিয়া।

০৪। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, জেলাঃ কুষ্টিয়া।

০৫। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, কুষ্টিয়া। ব্যাংকের ওয়েবসাইট থেকে পত্রটি ডাউনলোড করে জনাব সাবিনা সুলতানা, কম্পিউটার অপারেটর এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূরবক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

০৬। জনাব সাবিনা সুলতানা (এস-৮৬১), কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, কুষ্টিয়া।

০৭। নথি/ব্যক্তিগত নথি/মহানথি।

১০/১/২১
(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

আমারবাড়িআমারখামারপ্রকল্প ও
পল্লীসঞ্চয়ব্যাংক
মোংলাশাখা, বাগেরহাট

স্মারক নং-পসব্যা/প্রকা/প্রশা/মোংলা-২০২০-২১/৮৪৩ তারিখ: ২৯/১০/২০২০ খ্রি.

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: পসব্যা/প্রকা/প্রশা-২২ (৮৩)/২০২০-২১/৫৩১, তারিখ: ২৭-০৮-২০২০ খ্রি.

মহোদয়,
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পল্লী সঞ্চয় ব্যাংক, কুষ্টিয়া সদর, কুষ্টিয়ায় সংঘটিত অনিয়মের দায়ে জনাব মো: নাসির উদ্দীন, শাখা ব্যবস্থাপক/ অফিসার(সাধারণ), সদর শাখা, কুষ্টিয়া, জনাব মো: রাকিবুল হাসান, শাখা ব্যবস্থাপক/ অফিসার(সাধারণ), আলমডাংগা, চুয়াডাংগা, জনাব মো: বিল্লাল হোসেন, জুনিয়র অফিসার (মাঠ) (সাময়িক বরখাস্ত), সদর শাখা, কুষ্টিয়া, জনাব সাবিনা সুলতানা, কম্পিউটার অপারেটর, সদর শাখা, কুষ্টিয়া, এর বিরুদ্ধে শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং- ০১/২০২০-২০২১ রুজুকরত: ২৬-০৭-২০২০ তারিখে উত্থাপিত অর্থ আত্মসাতের অভিযোগ তদন্তের প্রতিবেদন মহোদয়ের সদয় বিবেচনার জন্য প্রেরণ করা হলো।

বিনীত নিবেদক,
২৯/১০/২০২০
জনাব সুজিত কুমার রায়
শাখা ব্যবস্থাপক ও
তদন্ত কমিটির সভাপতি
পল্লী সঞ্চয় ব্যাংক, মোংলা শাখা,
বাগেরহাট।
মোবা: ০১৯৩৮৮৭৯২২৮

সংযুক্তি: তদন্ত প্রতিবেদন এক (১) সেট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে-
১। উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪। অফিস নথি।

পল্লী সঞ্চয় ব্যাংক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
ডকেট নং...২০০৫...
তারিখ.........
ডিএমডি
জি এম
ব্যবস্থাপনা পরিচালক এর স্বাক্ষর
ডকেটকারীর স্বাক্ষর

AGM

# সাবিনা সুলতানা

কুষ্টিয়া সদর শাখার কম্পিউটার অপারেটর সাবিনা সুলতানার দায়িত্ব পালনকালে শাখা ব্যবস্থাপকের যোগসাজশে মো: বিল্লাল হোসেন সর্বমোট ২০,৬৮,৮৮২/- টাকা আত্মসাত করেন। ভুয়া ঋণবাবদ বিল্লাল হোসেন ১৩,৮৫,০০০/- টাকা আত্মসাত করেন। ঋনের টাকা সদস্যের হাতে প্রদান করার নিয়ম থাকলেও তা না দিয়ে উক্ত টাকা মাঠ সহকারীর দায়িত্বে থাকা মো: বিল্লাল হোসেনকে প্রদান করা হোত যার ফলে তিনি বিপুল পরিমানে ভুয়া ঋন বের করে নিতে সক্ষম হন। উক্ত ভুয়া ঋনগুলির ডিসবার্সশীট ও ঋন বিতরন রেজিস্ট্রারশীটের কোন মিল নেই। ঋণ বিতরনকালে তিনি সঠিক সদস্য, তাদের স্বাক্ষর মিলিয়ে দেখেননি। যার কারনে বিপুল পরিমানে ভুয়া ঋন বিতরন হয়েছে। ঋন বিতরনে সাবিনা সুলতানার দায়িত্ব পালনে অবহেলা, অদক্ষতা ও অসদাচরনের দায় শতভাগ প্রমানিত হয়েছে। উক্ত দুর্নীতি, চুরি ও আত্মসাতের আংশিক দায় কম্পিউটার অপারেটর সাবিনা সুলতানার বিরুদ্ধে প্রমানিত হয়েছে।

প্রাপ্ত সাক্ষ্য ও রেকর্ড এবং প্রমাণাদি বিশ্লেষন করে এ সিদ্ধান্তে আসা যায় যে, জনাব সাবিনা সুলতানারকম্পিউটার অপারেটর সদর শাখা, কুষ্টিয়া এর বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৬ মোতাবেক আনীত অভিযোগ সমূহযথাক্রমে স্বীয় দায়িত্বে অবহেলা (৩৮ এর ক) ,অসদাচরণ (৩৮ এর খ),অদক্ষতা (৩৮ এর ঘ),এবং দুর্নীতি (৩৮ এর ঙ) মূলক অভিযোগের সত্যতা সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়েছে।